

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ফেব্রুয়ারি ১৯, ২০১৯

বাংলাদেশ নির্বাচন কমিশন

নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ০৭ ফাল্গুন ১৪২৫/১৯ ফেব্রুয়ারি ২০১৯

নং ১৭.০০.০০০০.০০৯.০৬.০০৮.১৭-৮৬।—নির্বাচন কমিশন সচিবালয় আইন, ২০০৯ এবং নির্বাচন কমিশন (কার্যপ্রণালী) বিধিমালা, ২০১০ এর বিধি ৩ এর উপ-বিধি ২ অনুসারে নিম্নরূপ “নিয়োগ, পদোন্নতি, প্রশাসনিক সংস্কার ও পুনর্বিন্যাস এবং দক্ষতা উন্নয়ন কমিটি” পুনর্গঠন করা হলো :

- | | | |
|---|---|------------|
| (১) মাহবুব তালুকদার, মাননীয় নির্বাচন কমিশনার | - | সভাপতি |
| (২) সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | - | সদস্য |
| (৩) অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | - | সদস্য |
| (৪) অতিরিক্ত সচিব/যুগ্মসচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা | - | সদস্য |
| (৫) অতিরিক্ত সচিব/যুগ্মসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা | - | সদস্য |
| (৬) যুগ্ম-সচিব, (প্রশাসন ও অর্থ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | - | সদস্য |
| (৭) মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনসিটিউট, ঢাকা | - | সদস্য |
| (৮) উপসচিব (জনবল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | - | সদস্য-সচিব |

কমিটি প্রয়োজনে কমিশনের যে কোন কর্মকর্তাকে কমিটিতে কো-অপ্ট করতে পারবে।

(২৬৭৯)

মূল্য : টাকা ৮.০০

কমিটির কার্যপরিধি :

- (ক) নির্বাচন কমিশন সচিবালয়ের জাতীয় বেতন ক্ষেলের দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম ও ষষ্ঠ হেডের পদে পদোন্নতি/নিয়োগ প্রদানের বিষয়ে সুপারিশ প্রণয়ন;
- (খ) নির্বাচন কমিশন সচিবালয়ের জাতীয় বেতন ক্ষেলের দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম ও ষষ্ঠ হেডের পদের কর্মকর্তাগণের সিলেকশন হেড/উচ্চতর হেড প্রদানের বিষয়ে সুপারিশ প্রণয়ন;
- (গ) নির্বাচন কমিশনের সকল সংযুক্ত দণ্ডের ও মাঠ কার্যালয়ের উপরের ক ও খ এ উল্লিখিত হেডের পদে পদোন্নতি/নিয়োগ/সিলেকশন হেড/উচ্চতর হেড-এর বিষয়ে সুপারিশ প্রণয়ন;
- (ঘ) কর্মকর্তা-কর্মচারীদের নিয়োগ প্রদানে স্বচ্ছতা এবং গ্রহণ যোগ্যতা প্রতিষ্ঠার পরামর্শ প্রদান;
- (ঙ) নির্বাচনি প্রশিক্ষণ ইনসিটিউট আধুনিকায়ন এবং সংস্কারকরণে সুপারিশ প্রণয়ন;
- (চ) নির্বাচনি কর্মকর্তা ও নির্বাচন কমিশনের কর্মকর্তাদের দক্ষতা উন্নয়নের জন্য প্রশিক্ষণ কার্যকর সিভিউল, প্রশিক্ষক নির্বাচন সংক্রান্ত সুপারিশ প্রণয়ন;
- (ছ) প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা বিকেন্দ্রীকরণ বিষয়ক সুপারিশ প্রণয়ন;
- (জ) নির্বাচন কমিশনের বর্তমান সাংগঠনিক কাঠামো পর্যালোচনা ও প্রয়োজনীয় সংস্কারের সুপারিশ; এবং
- (ঝ) দুর্নীতি প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণে সুপারিশ প্রণয়ন।

২। জনবল অধিশাখা নির্বাচন কমিশনের উক্ত কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৩। এতদ্বারা নির্বাচন কমিশন সচিবালয়ের ১২ জুন ২০১৭ তারিখের ১৭.০০.০০০০.০০৯.০৬.০০৮.১৭-৩৪২ নং প্রজ্ঞাপন বাতিল করা হলো।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

বাংলাদেশ নির্বাচন কমিশনের আদেশক্রমে

**মোঃ শাহেদুর্রবী চৌধুরী
উপসচিব (সংস্থাপন)।**

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd